



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
সাইট্রাস গবেষণা কেন্দ্র
জৈন্তাপুর, সিলেট-৩১৫৬

কৃষিই সমৃদ্ধি

Tel : ০২-৯৯৬৬৪৪৩৬৮;
Cell: ০১৩২৯-৭২৬০৬৯
Email: crsincchargejaintapur@gmail.com;
Citrusjain@bari.gov.bd;
web:www.bari.gov.bd

স্মারক নং-১২.২১.৬০৯১.০২৪.০৬৯.৯৯.০০০১.২৫.২২৪০

তারিখঃ- ১৭/০৪/২০২৫খ্রি.

লিচু ফল নিলাম বিজ্ঞপ্তি

সাইট্রাস গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জৈন্তাপুর, সিলেট-এ ২০২৫ সালে উৎপাদিত ৬৮ (আটষট্টি) টি লিচু গাছের ফল (ব্লক নং-২ঃ ১৩টি, ব্লক নং-৪ঃ ১টি, ব্লক নং-৫ঃ ৫২টি, ব্লক নং-৬ঃ ১টি, ব্লক নং-৭ঃ ১টি) যেখানে যেই অবস্থায় আছে সেই অবস্থায় নিলামদাতা/ফল ও সবজি বিক্রেতাদের নিকট হতে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে নির্ধারিত সিডিউলে সিলগালাবদ্ধ খামে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

১. সিডিউল প্রাপ্তির স্থান :- সাইট্রাস গবেষণা কেন্দ্র, বিএআরআই, জৈন্তাপুর, সিলেট।
২. সিডিউল প্রাপ্তির তারিখ :- ২০/০৪/২০২৫খ্রি. হতে ২৭/০৪/২০২৫খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)
৩. সিডিউল মূল্য :- ৩০০ (তিনশত) টাকা।
৪. সিডিউল দাখিলের স্থান :- ওয়েটিং রুম (অফিস ভবনের নিচ তলা), সাইট্রাস গবেষণা কেন্দ্র, বিএআরআই, জৈন্তাপুর, সিলেট।
৫. সিডিউল দাখিলের তারিখ ও সময়ঃ- ২০/০৪/২০২৫খ্রি. তারিখ হইতে ২৮/০৪/২০২৫খ্রি. বেলা ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)।
৬. সিডিউল খোলার স্থান, তারিখ ও সময় :- প্রশিক্ষণ হল, সাইট্রাস গবেষণা কেন্দ্র, বিএআরআই, জৈন্তাপুর, সিলেট, ২৮/০৪/২০২৫খ্রি. বেলা ১২ঃ১৫ ঘটিকা।
৭. জামানত :- ৫০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র যা উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সাইট্রাস গবেষণা কেন্দ্র, বারি, জৈন্তাপুর, সিলেট এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক এর পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।

আগ্রহী দরদাতাগণ বা প্রতিষ্ঠানকে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করে ২০/০৪/২০২৫খ্রি. তারিখ হতে ২৭/০৪/২০২৫খ্রি. সকাল ১১:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত সময়ে শুধুমাত্র দরপত্রদাতাগণ যথাযথ নিয়ম মেনে গাছের লিচু পরিদর্শন করতে পারবেন। দরপত্রের যাবতীয় শর্তাবলী নিলাম সিডিউলে বর্ণিত আছে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

এখানে উল্লেখ্য যে, গবেষণার জন্য নির্ধারিত ১০টি গাছ হতে গাছ প্রতি ১০০টি করে লিচু অফিস কর্তৃপক্ষ সংগ্রহ করবেন। এই ব্যাপারে সংশ্লিষ্ট অফিস প্রতিনিধিকে সহযোগিতা প্রদান করতে হবে।

(ড. এম এইচ এম বোরহান উদ্দিন ভূঁইয়া)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ফোনঃ ০২-৯৯৬৬৪৪৩৬৮

স্মারক নং-১২.২১.৬০৯১.০২৪.০৬৯.৯৯.০০০১.২৫.২২৪০

তারিখঃ- ১৭/০৪/২০২৫খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র), বারি, জয়দেবপুর, গাজীপুর।
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া।
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ কৌলিসম্পদ বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর।
- ৪। যুগ্ম-পরিচালক (সংগ্রহ ও ভান্ডার/প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, জয়দেবপুর, গাজীপুর।
- ৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট।
- ৬। উপজেলা চেয়ারম্যান, জৈন্তাপুর, সিলেট।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট।
- ৮। উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা সমবায় কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট।
- ৯। ম্যানেজার, সোনালী ব্যাংক/কৃষি ব্যাংক, জৈন্তাপুর, সিলেট।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জৈন্তাপুর থানা, জৈন্তাপুর, সিলেট।
- ১১। চেয়ারম্যান, ১নং নিজপাট/২নং জৈন্তাপুর/৩নং চারিকাটা/৪নং দরবস্ত/৫নং ফতেহপুর/৬নং চিকনাগুল ইউনিয়ন পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
- ১২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।
- ১৩। অফিস নথি/নোটিশ বোর্ড/ মাষ্টার ফাইল।

(ড. এম এইচ এম বোরহান উদ্দিন ভূঁইয়া)
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ফোনঃ ০২-৯৯৬৬৪৪৩৬৮